# অন্তর্বর্তী সরকারের দুর্নীতির অভিযোগের স্বাধীন তদন্ত করবে দুদক



তথ্য উপদেষ্টা ডা. জাহেদ। ছবি: সংগৃহীত

অন্তর্বর্তী সরকারের কোনো উপদেষ্টার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠলে তা স্বাধীনভাবে তদন্ত করবে দুর্নীতি দমন কমিশন (দুদক) এবং এ প্রক্রিয়ায় সরকারের পক্ষ থেকে কোনো ধরনের হস্তক্ষেপ করা হবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান।

মঙ্গলবার (৩০ জুন) সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, দুর্নীতির অভিযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি যেই হোন না কেন, দুদক নিজস্ব আইন ও ক্ষমতা অনুযায়ী তদন্ত কার্যক্রম পরিচালনা করবে।

ডা. জাহেদ উর রহমান বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ে সরকারি সেবা গ্রহণে যেসব অনিয়ম বা দুর্নীতির অভিযোগ এসেছে, সেগুলোর দায় শুধু সরকারি কর্মকর্তাদের নয়; দায়িত্বে থাকা সরকারের সংশ্লিষ্ট ব্যক্তিদেরও রয়েছে।

তিনি আরও জানান, ব্যাংক আইনের একটি ধারা নিয়ে বিভিন্ন মহলে সমালোচনা তৈরি হয়েছিল। সেই বিষয়টি বিবেচনায় নিয়ে সরকার জাতীয় সংসদে ওই ধারায় সংশোধনী এনেছে। তার ভাষায়, সমালোচনার পর আইন পরিবর্তনের এই উদ্যোগ গণতান্ত্রিক চর্চারই প্রতিফলন।

খাদ্য নিরাপত্তার বিষয়ে তথ্য উপদেষ্টা বলেন, দেশে খাদ্যশস্যের মজুদ বৃদ্ধি করা হয়েছে। এর ফলে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাখা সহজ হবে এবং কৃষকরাও তাদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পাওয়ার সুযোগ পাবেন।

সংবাদ সম্মেলনে তিনি আরও জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রণালয় বিরোধী দলের ৬৫ জন সংসদ সদস্যের প্রত্যেকের জন্য ৩০ লাখ টাকা বরাদ্দ দিয়েছে। পাশাপাশি বজ্রপাতে প্রাণহানি ও ক্ষয়ক্ষতি কমাতে দেশের ১৫টি ঝুঁকিপূর্ণ জেলায় বজ্রনিরোধক দণ্ড এবং নিরাপদ আশ্রয়কেন্দ্র বা ছাউনি নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।